

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭  
[www.mod.gov.bd](http://www.mod.gov.bd)

৮৪

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬(অংশ ১). ১২ তারিখ: পৌষ ১৪২৫ / জানুয়ারি ২০১৯

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর দ্বিতীয় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটি'-এর সভার কার্যবিবরণ।

|                       |   |  |
|-----------------------|---|--|
| সভার সভাপতি           | : | বেগম খালেদা পারভীন<br>অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময়     | : | ৬ জানুয়ারি ২০১৯, সকাল ১১:০০ টা।                             |
| সভার স্থান            | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়।                        |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'।  |

২। সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, প্রথমে আমাদের নিজ নিজ অবস্থান থেকে সততা ও নৈতিকতার সাথে নিজের উপর অর্পিত দায়িত্ব এবং কতর্ব্য যথাযথভাবে পালন করতে হবে। অতঃপর পারিপার্শ্বিক অবস্থান ও প্রতিষ্ঠানিক উন্নয়নের জন্য কাজ করলে সামগ্রিক উন্নয়ন সম্ভব হবে। তিন আরও বলেন, আমাদের অন্যতম লক্ষ্য নাগরিকের জন্য সার্বিক সেবা নিশ্চিত করা। এজন্য শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে আমাদের সকল প্রতিষ্ঠানের ভূমিকাকেই গুরুত্ব প্রদান করতে হবে। তিনি এ মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে পালনের উপর গুরুত্ব আরোপ করেন।

৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর প্রত্যেক প্রান্তিকের অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন।

৪। আলোচ্যসূচি (১): গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ:

৪.১ গত ৩ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর প্রথম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সকলকে অবহিত করা হলে কারও কোন আপত্তি/সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫। আলোচ্যসূচি(২): মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০১৮) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

৫.১ এ প্রসঙ্গে সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০১৮-১৯ মেয়াদের কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টার কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। তবে কর্মপরিকল্পনার ক্রমিক নম্বর ৭.৪, ৮.১ এর দপ্তর/সংস্থা পরিদর্শন কার্যক্রম এবং মন্ত্রণালয়ে নিয়োগ কার্যক্রম চলমান থাকায় বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন, তথ্য অধিকার, ইগভর্নেন্স, সচেনতা বৃদ্ধি, আইন প্রণয়ন, উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজীকরণ বিষয়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় তা শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। তবে ক্রমিক নম্বর ৬.২ এর বিষয়ে জানানো হয় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমের অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি ৯৫%। একসঙ্গে বেশ কয়েকটি নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করায় তা ১০০% বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বিস্তারিত আলোচনা শেষে দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে অনুমোদন প্রদান করা হয়।

অপর পাতায় দ্রষ্টব্য

